লেন্স এশিয়া

২৫ নভেম্বর, ২০২৫

# জামায়াত প্রার্থীদের মোটরসাইকেল শোভাযাত্রা বন্ধের সিদ্ধান্ত



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামী দল ঘোষণা করেছে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রস্তুতির অংশ হিসেবে তাদের প্রার্থীদের মোটরসাইকেল শোভাযাত্রা আর আয়োজন করা যাবে না। দলটির আমির শফিকুর রহমান এই নির্দেশনা দেশের সব শাখা ও প্রার্থীদের কাছে প্রেরণ করেছেন।

নির্দেশনায় বলা হয়েছে, “বিভিন্ন নির্বাচনী এলাকায় মোটরসাইকেল র‍্যালি ও শোভাযাত্রা চলমান। সম্প্রতি এসব আয়োজনের সময় কিছু দুর্ঘটনা ঘটেছে, যার ফলে মানুষ আহত হয়েছেন। তাই সকল জেলা ও মহানগরের নির্বাচনী এলাকায় মোটরসাইকেল শোভাযাত্রা সম্পূর্ণভাবে বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।”

জামায়াতের সহকারী সেক্রেটারি ও মিডিয়া প্রধান এহসানুল মাহবুব জুবায়ের জানান, এই নির্দেশনা অধস্তন শাখা এবং প্রার্থীদের কাছে ইতোমধ্যেই পৌঁছে দেওয়া হয়েছে।

অন্যদিকে, আগামী ফেব্রুয়ারিতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা। জামায়াতে ইসলামী ইতোমধ্যেই তাদের প্রার্থীদের নাম চূড়ান্ত করেছে। নির্বাচনী প্রচারণার অংশ হিসেবে বিভিন্ন এলাকায় শোভাযাত্রা এবং প্রচারণা চালাচ্ছিলেন প্রার্থীরা। সম্প্রতি সাতক্ষীরায় এক শোভাযাত্রার সময় মোটরসাইকেলের ধাক্কায় ফজর আলী নামের এক বৃদ্ধ নিহত হয়েছেন।